**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 17-07-2025**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ছাত্রছাত্রীদের নেশার বিরুদ্ধে সচেতন করে তোলার জন্য শিক্ষক শিক্ষিকা ও অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছেন।**

**(২) মৎস্য মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে আজ গোমতি জেলাভিত্তিক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লিতে স্বচ্ছ সর্বেক্ষণ নবম পর্বের তথা ২০২৪-২৫ সালের জন্য ৭৮টি পুরস্কার প্রদান করেন।**

**(৪) তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন যে দেশের দশ লক্ষ নাগরিককে বিনামূল্যে কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।**

**(৫) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড নক আউট ফুটবলের ফাইনালে মাঠে উপস্থিত থাকবেন ভারতীয় দলের প্রখ্যাত প্রাক্তন ফুটবলার গৌতম সরকার।**

*****************************************

**CM-Gandhigram :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ছাত্রছাত্রীদের নেশার বিরুদ্ধে সচেতন করে তোলার জন্য শিক্ষক শিক্ষিকা ও অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছেন। আজ গান্ধীগ্রাম উচ্চমাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে নেশামুক্ত ত্রিপুরা এবং বাল্যবিবাহ প্রতিরোধের উপর সচেতনতামূলক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি এই আহ্বান জানান।

# # # # # # # Byte-CM-1 # # # # # # #

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার নেশার বিরুদ্ধে জিরো টলারেন্স নীতিতে কাজ করছে। নেশার বিরুদ্ধে পুলিশ সহ অন্য এজেন্সিগুলি কাজ করছে।

নেশামুক্ত ত্রিপুরা গঠনের লক্ষ্যে এনডিপিএস আইনে নেশা পাচারকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হচ্ছে।

মুখ্যমন্ত্রী বাল্য বিবাহ রোধে সামাজিক সচেতনতা বাড়ানোর জন্য গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, বিয়ের আগে রেজিস্ট্রেশন করানো বাধ্যতামূলক করার জন্য সরকার চিন্তাভাবনা করছে। বিয়ের ক্ষেত্রে ছেলেদের বয়স অবশ্যই নূন্যতম ২১ বছর এবং মেয়েদের ক্ষেত্রে ১৮ বছর হতে হবে।

######Byte-CM-2######

উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বিশ্বজিৎ শীল, আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন ঝর্ণা দেববর্মা, বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান দীপক কুমার সিনহা প্রমুখ।

****************************

**Review Meeting-Gomati :**

মৎস্য মন্ত্রী সুধাংশু দাসের পৌরহিত্যে আজ উদয়পুরের পঞ্চায়েত রাজ ট্রেনিং ইনস্টিটিউটে গোমতি জেলাভিত্তিক এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। এই বৈঠকে তপশিলি জাতি কল্যাণ, মৎস্য ও প্রাণী সম্পদ উন্নয়ন এই তিন দপ্তরের বিভিন্ন প্রকল্পের বাস্তবায়নের বিষয় নিয়ে পর্যালোচনা করা হয়। চলতি অর্থবছরের গৃহীত প্রকল্পগুলির দ্রুত বাস্তবায়নের জন্য তিনি দপ্তরের অধিকারিকদের নির্দেশ দেন। পর্যালোচনা বৈঠকে উপস্থিত ছিলেন বিধায়ক অভিষেক দেবরায়, জিতেন্দ্র মজুমদার, গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতলচন্দ্র মজুমদার প্রমুখ।

***************************

**Job Fair :**

কেন্দ্রীয় সরকারের "ন্যাশনাল কেরিয়ার সার্ভিস" প্রকল্পের আওতায় আজ কৈলাশহরে জেলা কর্মবিনিযোগ কেন্দ্রে চাকুরী মেলা অনুষ্ঠিত হয়। দুটি সংস্থার পক্ষ থেকে আজ ঊনকোটি ও উত্তর ত্রিপুরা জেলার কর্মপ্রার্থীদের ইন্টারভিউ গ্রহণ করা হয়। মোট শূণ্য পদের সংখ্যা ৪৮০টি। যোগ্য প্রার্থীরা মুম্বাই, পুনে, গুজরাট সহ রাজ্যের বিভিন্ন জেলায় পোস্টিং পাবেন।

**************************

**Package Story-PMSY :**

ত্রিপুরায় মাছের উৎপাদন ও চাহিদার মধ্যে ফারাক কমাতে প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনা গুরুত্বপূর্ণ ভূমিকা নিচ্ছে। রাজ্যে বাড়ছে মাছের উৎপাদন। ২০২০-২১ অর্থ বছর থেকে চালু হওয়া প্রধানমন্ত্রী মৎস্য সম্পদা যোজনায় রাজ্যে বহু মৎস্য চাষী যেমন উপকৃত হচ্ছেন, তেমনি কর্মসংস্থানেও দারুণ ভূমিকা নিচ্ছে। একটি প্রতিবেদন।

########VC######

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Swachh Survekshan :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লিতে আয়োজিত এক অনুষ্ঠানে স্বচ্ছ সার্ভেক্ষণ নবম পর্বের তথা ২০২৪-২৫ সালের জন্য ৭৮টি পুরস্কার প্রদান করেন। টানা আট বছর ধরে ভারতের সবচেয়ে পরিষ্কার শহর হিসেবে ইন্দোর তার খেতাব ধরে রেখেছে। কেন্দ্রীয় সরকারের বার্ষিক পরিচ্ছন্নতা জরিপে সুরাট দ্বিতীয় স্থান অর্জন করেছে, নবি মুম্বাই তৃতীয় স্থান অর্জন করেছে। আজ অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, পরিচ্ছন্নতা হল ২০৪৭ সালের বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গির অন্যতম গুরুত্বপূর্ণ দিক। তিনি দেশকে পরিষ্কার, সুস্থ ও উন্নত করার লক্ষ্যে এগিয়ে যাওয়ার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান। তিনি বলেন যে, প্রাচীনকাল থেকেই পরিচ্ছন্নতা দেশের সাংস্কৃতিক ও আধ্যাত্মিক চেতনার একটি মূল উপাদান।

#######byte-President#######

৩ থেকে ১০ লক্ষ জনসংখ্যার শহরগুলির বিভাগে, নয়ডা প্রথম, চণ্ডীগড় দ্বিতীয় এবং মহীশূর তৃতীয় স্থানে রয়েছে। ১০ লক্ষেরও বেশি জনসংখ্যার শহরগুলির বিভাগে আহমেদাবাদ প্রথম স্থান অর্জন করেছে।

********************************

**AI Training :**

বৈদ্যুতিন এবং তথ্য প্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণো জানিয়েছেন যে দেশের দশ লক্ষ নাগরিককে বিনামূল্যে কৃত্রিম বুদ্ধিমত্তা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে এবং গ্রাম পর্যায়ের উদ্যোক্তাদের অগ্রাধিকার দেওয়া হবে। ডিজিটাল ভারতের ১০ বছর উদযাপন উপলক্ষে নতুনদিল্লিতে আয়োজিত 'সিএসসি দিবস' অনুষ্ঠানে শ্রী বৈষ্ণো এই ঘোষণা করেন।

######Byte-Ashwini Vaishnaw######

কমন সার্ভিস সেন্টার কর্মীদের প্রচেষ্টা এবং সাফল্যের কথা তুলে ধরে, শ্রী বৈষ্ণো বলেন যে, দেশের গ্রাম পর্যায়ের উদ্যোক্তারা ডিজিটাল ইন্ডিয়ার সুবিধা প্রতিটি নাগরিকের কাছে পৌঁছে দিয়ে একটি অসাধারণ উদাহরণ

স্থাপন করেছেন। তিনি আরও বলেন যে, দেশের প্রায় ৯০ শতাংশ গ্রামে সিএসসি পৌঁছেছে। মন্ত্রী বলেন যে ইউপিআই পেমেন্ট, ভিসা লেনদেনকে ছাড়িয়ে গেছে।

*****************************

**11 Years of NDA :**

কেন্দ্রীয় কর্মী, জনঅভিযোগ ও পেনশন প্রতিমন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং আজ বলেছেন যে গত ১১ বছরে সরকার নাগরিক-কেন্দ্রিক নয় এমন প্রায় ১,৬০০টি নিয়ম বাতিল করেছে। আজ বিকেলে ভুবনেশ্বরে কেন্দ্রীয় সরকারের প্রশাসনিক সংস্কার ও জনঅভিযোগ বিভাগ এবং ওড়িশা সরকারের যৌথ উদ্যোগে আয়োজিত 'সুশাসন অনুশীলন' বিষয়ক দুই দিনের জাতীয় সম্মেলনের উদ্বোধন করে ডঃ সিং 'শাসনের সহজতা' এবং 'জীবনযাত্রার সহজতা' তৈরির জন্য, স্বচ্ছতা, দুর্নীতি বিরোধী ব্যবস্থা এবং সুবিন্যস্ত প্রশাসনের মাধ্যমে নাগরিকদের জীবনকে সহজ করার জন্য সুশাসনের উপর জোর দিয়েছেন। দু'দিনের এই সম্মেলনের লক্ষ্য হল জনপ্রশাসনে উৎকর্ষতার জন্য প্রধানমন্ত্রীর পুরষ্কারের আওতায় জাতীয় স্বীকৃতি পাওয়া উদ্ভাবনী অনুশীলনগুলিকে তুলে ধরা।

******************************

**Suklacharan Noatia-Meeting :**

সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়ার পৌরোহিত্যে আজ আগরতলা প্রেসক্লাবে আই.পি.এফ.টি দলের সাংগঠনিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে আগামী বছর এডিসি নির্বাচনে দলের রণকৌশল নিয়ে আলোচনা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন দলের সভাপতি প্রেম কুমার রিয়াং সহ অন্যান্য নেতৃবৃন্দ।

****************************

**BJP-Chintan Meeting :**

প্রদেশ বিজেপি’র উদ্যোগে আজ আগরতলায় জনজাতি চিন্তন বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এডিসি এলাকায় দলের

সাংগঠনিক অবস্থা পর্যালোচনা করেন। আগামী বছর এডিসি নির্বাচনে বিজেপি'র রণকৌশল নিয়েও বৈঠকে আলোচনা হয়। উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা সহ অন্যান্য নেতৃবৃন্দ।

*****************************

**TFA Press Meet :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড নক আউট ফুটবলের ফাইনালে মাঠে উপস্থিত থাকবেন ভারতীয় দলের প্রখ্যাত প্রাক্তন ফুটবলার গৌতম সরকার। ত্রিপুরা ফুটবল এসোসিয়েশনের পক্ষ থেকে এক সাংবাদিক সম্মেলনে আজ এখবর জানানো হয়েছে।

শিল্ডের সেমিফাইনালের লাইনআপ চূড়ান্ত হয়ে গেছে। আসরের দুটি সেমিফাইনালে ১৮ জুলাই ফরওয়ার্ড ক্লাব ও নাইন বুলেটস ক্লাব এবং ১৯ জুলাই ব্লাডমাউথ ক্লাব ও কল্যান সমিতি মুখোমুখি হবে। তবে ১৯ জুলাই ম্যাচটি সন্ধ্যা ৬টা পরিবর্তে ৭টা সময় অনুষ্ঠিত হবে বলে সচিব অমিত চৌধুরী জানান। তিনি আরো জানান আগামী ১৭ই আগস্ট উমাকান্ত মিনি স্টেডিয়ামে কলকাতার দুই বড় ক্লাব ইস্টবেঙ্গল এবং মোহনবাগানের প্রাক্তন ফুটবলারদের নিয়ে লিজেন্ড ফুটবল প্রীতি ম্যাচ আগরতলায় হবে। সাংবাদিক সম্মেলনে টিএফএ সভাপতি প্রনব সরকার ক্রীড়াপ্রেমীদের রাখাল শিল্ডের খেলাগুলি উপভোগ করার জন্য মাঠে আসার আহ্বান জানান। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন টিএফএ'র যুগ্মসচিব কৃষ্ণপদ সরকার, তপন সাহা সহ স্পন্সরার নীলজ্যোতি ট্রাভেল এজেন্সির কর্নধার সঞ্জীব আচার্য ও অন্যান্যরা।

*******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, ধলাই, খোয়াই, সিপাহীজলা, গোমতী ও দক্ষিণ জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১ ডিগ্রি

সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩০.১ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৫.৮ ডিগ্রি সেলসিয়াস। আজ বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ৭.৫ মিলিমিটার।

***************************